(Under Section 154 Cr. P.C.)

1522

1. Dist. Darjeeling P.S. Siliguri Year 2025 FIR No. 368/25 Date 04-6-25

2. i) Act BNS Sections 85 Sec 3/4 of D.P. Act.

ii) Act / Sections / Sections

iii) Act Sections / iv) Others Acts & Sections /

3. (a) Occurrence of offence : Day ........ Date From 28-11-2023 Date To Till date

Time Period ........ Time From Not noted Time To ........

(b) Information received at P.S. Date 04-6-25 Time 00.15 hr.

(c) General Diary Reference : Entry No (s). 151 Time 00.15 hr.

4. Type of Information Written ........ Written / Oral

5. Place of Occurrance : (a) Direction and Distance from P.S. East, 1.1 Km. Beat No. ........

(b) Address Swastika Apartment near "4H" club Desh Bandhu Para, PS-Siliguri, Dist. Darjeeling

(c) In case outside limit of this Police Station, then the

Name of the P.S. / District /

6. Complainant / Informant :

(a) Name Ria Thakur Bose

(b) Father's / Husband's Name Pravakar Thakur @ Raja

(c) Date / Year of Birth ........ (d) Nationality ........

(e) Passport No. ........ Date of Issue : ........ Place of Issue ........

(f) Occupation ........

(g) Address Swastika Apartment, near "4H" Club, Desh Bandhu Para PS. Siliguri, Dist. Darjeeling

7. Details of known / suspected / unknown accused with full particulars

(Attach separate sheet, if necessary) :

(1) Pravakar Thakur, (2) Rita Thakur (3) Puja Khandewal (4) Sanjib Khandewal

8. Reasons for delay in reporting by the Complainant / Information

/

9. Particulars of properties stolen / involved (Attach separate sheet, if necessary) :

(1) Rs. 75,000/-, (2) Gold ornaments, (3) Furniture, (4) Utencils

10. Total value of properties stolen / involved Not mentioned

11. Inquest Report / U.D. Case No. If any ........

12. FIR Contents (Attach separate sheets, if required) : The original written complaint which treated as FIR enclosed here with / reproduced below.

13. Action Taken : Since the above report reveals commission of offence(s) as mentioned at item No. 2., Registered the case and took up the investigation / directed LASI. Kalpana Chhetri of SLG PS. SPC. to take up investigation / refused investigation / transferred to P.S. / on point of jurisdiction. FIR read over to the Complaint / Informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant / Informant free of cost.

14. Signature / Thumb impression of the Complainant / Informant
Noted in written complaint.

15. Date & Time of despatch to the court : 05-6-25 at 10.05 hrs.

Signature of the Officer-in-Charge, Police Station
04-6-25
Inspector In-charge
Siliguri Police Station
Siliguri Police Commissionerate

Name : (S) [illegible] Dhar

Rank : No. SI of Police

To
The Officer In-Charge
Siliguri Police Station,
Siliguri, Darjeeling.

Date : ০৩.০৬.২০২৫

**Sub:** এজাহার

**Ref :** বধু নির্যাতন ও যৌতুক গ্রহন ও পুনরায় যৌতুক দাবী।

মাননীয় মহাশয়,

আমি নিম্ন স্বাক্ষরকারী রিয়া ঠাকুর বোস, স্বামী প্রভাকর ঠাকুর ওরফে রাজা, পিতা শ্রী সুদীপ বোস, সাকিন দেশবন্ধুপাড়া, সুব্রত সংঘের নিকটস্থ ও 4H ক্লাব এর পার্শ্বস্থ স্বস্তিকা এপার্টমেন্ট, ডাকঘর শিলিগুড়ি টাউন, থানা শিলিগুড়ি, অধুনা বাসস্থান তথা পিত্রালয় বাঘা যতীন রোড, সুভাষপল্লী, ওয়ার্ড নং ১৭, থানা শিলিগুড়ি, জেলা দার্জিলিং নিবাসী এই পত্রে নিম্নলিখিত অভিযোগ দায়ের করছি।

স্থানীয় পত্রিকার বিজ্ঞাপনের মাধ্যমে যোগাযোগে দেশবন্ধুপাড়া, ডাকঘর শিলিগুড়ি টাউন, থানা শিলিগুড়ি, জেলা দার্জিলিং স্থিত সুব্রত সংঘের নিকটস্থ ও 4H ক্লাব এর পার্শ্বস্থ স্বস্তিকা এপার্টমেন্টের নীচতলায় বসবাসকারী ভিখারী ঠাকুর ওরফে বলরাম ঠাকুরের একমাত্র পুত্র প্রভাকর ঠাকুর ওরফে রাজার সহিত আমার হিন্দু শাস্ত্রমতে ২৮-১১-২০২৩ তারিখে বাঘাযতীন পার্কের পার্শ্বস্থ, সুভাষপল্লী, থানা শিলিগুড়িতে অবস্থিত 'গীতম ভবনে' সামাজিকভাবে বিবাহ হয়। বিবাহের সময়ে পাত্রপক্ষ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা নগদ যৌতুক হিসাবে দাবী করে, আমার বাবা - মা তাহাতে সম্মত না হইলে পরিশেষে পাত্রপক্ষের দাবীমত আমার পরিবার পাত্রপক্ষকে বাধ্য হইয়া নগদ ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা এছাড়া খাট, বিছানা, ড্রেসিং টেবিল, আলমারী, একটি সিলিং ফ্যান সহ ছেলের গলার সোনার চেন ও আংটি এবং আমাকে সোনা দিয়ে বাধানো এক জোড়া শাখা ও পলা, একটি রতনচূড়, একটি বালা ও একটি গলার নেকলেস (সবই সোনার), সেইসঙ্গে কাসার ২টি বড় থালা, ৪টি বাটি ও ২টি বড় গ্লাস যৌতুক হিসাবে পাত্রপক্ষকে দিয়ে আমার পরিবার আমার বিবাহ দেয়। প্রসঙ্গত জানাই আমার স্বামী শ্রী প্রভাকর ওরফে রাজা ঠাকুর মাটিগাড়া চাঁদমনিতে সিটি সেন্টারে অবস্থিত M.J.B. Group কোম্পানীতে হিসাবের কাজ করে এবং আমার একমাত্র ননদ-ননদাই পূজা খান্ডেওয়াল ও সঞ্জীব খান্ডেওয়াল বর্ধমান রোড, শিলিগুড়িতে বসবাস করে।

Received vide SLG PS. GD No. 151, dt. 04-6-25 & started SLG PS. Case No. 364/25, dt. 04-6-25, u/s 85 BNS & u/s 3/4 of D.P.Act. I.O - LASI Kalpana Chhetri of SLG PS.

Inspector Incharge
Siliguri Police Station

পরবর্তী পৃষ্ঠা নং ২

বিয়ের কিছুদিন পর হইতেই আমার শ্বাশুড়ি রিতা ঠাকুর, ননদ পূজা, ননদাই সঞ্জীব এবং আমার স্বামী আমার উপর চরম মানসিক, শারীরিক নির্যাতন শুরু করে। আমাকে তারা বলে ছেলের জন্য Scooty Bike কেনার জন্য বাপের বাড়ী থেকে টাকা না আনলে আমাকে থাকতে দেবে না, প্রানে মেরে ফেলবে। আমি রাজি না হলে ওরা চারজন একাধিক বার আমাকে চুলের মুঠি ধরে মাটিতে ফেলে দিয়ে লাথি মারে। আমার সকল অলংকারাদী এবং বিয়েতে যৌতুক হিসেবে দেওয়া আলমারীর চাবী আমার কাছ থেকে জোর করে আমার শ্বাশুড়ি রিতা ঠাকুর নিয়ে নেয় এবং এই বিষয়ে আমার স্বামী, ননদও ননদাই প্ররোচনা দেয়। আমার খাওয়া দাওয়া একপ্রকার বন্ধ করে দেয়, নিয়মিতভাবে আমাকে সকালে চা - বিস্কুট, দুপুরে কাঁচা লন্কা, ডাল, পেঁয়াজ রাতে ২টা করে রুটি দিতে শুরু করে। আমাকে রান্না করতে দিত না। এমনকি আমাকে রান্না ঘরে ঢোকা, শোবার ঘরে ঢোকা, ফ্রিজ এ হাত দেওয়া, ওদের বাথরুমেও ঢুকতে দিত না। বাইরের বারান্দায় এক ফালি গ্রিল লাগানো অস্বাস্থ্যকর ঘেরা জায়গায় যেখানে পায়খানার কমোড লাগানো আছে, যেখানে আমার প্রাত্যহিক কাজকর্ম করতে হতো, থাকতে হতো। আমি এমতাবস্থায় ক্রমশ দুর্বল হয়ে পড়ি এবং বাধ্য হয়ে আমি আমার বাড়ীতে সব বিষয় জানাই। আমার বাবা-মা, ওদের পরিচিতজন আলোচনার মাধ্যমে এই সমস্যা মেটানোর চেষ্টা করে। আমার শ্বশুড় বাড়ীর লোকজন মৌখিকভাবে আমাকে আর শারীরিক ও মানসিকভাবে নির্যাতন করবে না বলে অঙ্গীকার করে কিন্তু চব্বিশ ঘন্টা যেতে না যেতে তারা আবার আমাকে হেনস্থা করতে শুরু করে। কারনে অকারনে আমাকে লাথি মারা, চুলের মুঠি ধরা, ঠেলে ফেলে দেওয়া, ঠিকমত খেতে না দেওয়া ইত্যাদি শুরু করে। বিষয়গুলি স্থানীয় ৩০ নম্বর কাউন্সিলারকে ১৫-১১-২০২৪ তারিখে লিখিতভাবে জানাই।

কাউন্সিলার আমার শ্বশুড়বাড়ীর লোকেদের আমার উপর অত্যাচার বন্ধ করতে বলে। কিন্তু প্রতিবেশী, পরিচিত লোকজন, কাউন্সিলার কারও কথায় মান্যতা না দিয়ে আমার উপর আমার শ্বাশুড়ী রিতা ঠাকুর, স্বামী প্রভাকর, ননদ পূজা এবং ননদাই সঞ্জীব খান্ডেওয়াল যথারীতি আমার উপর চরম অত্যাচার চালিয়ে যেতে থাকে। আমি সংসারকে টিকিয়ে রাখতে সবকিছু মুখ বুঝে সহ্য করতে থাকি।

গত ৩০-০৫-২০২৫ তারিখে আমার আম রুটি খাওয়ার খুবি ইচ্ছা করে, আমি আমার বাবাকে বলতে, মা বাবা আম রুটি নিয়ে আমাকে রাত আনুমানিক সাড়ে নয়টার সময় খেতে দিয়ে যায়। বাবা মা চলে যেতেই আমার স্বামী, শ্বাশুড়ি, ননদাই আমার কাছে কৈফয়ত চায়, কার পার্মিশনে আমার বাবা মা আম, রুটি নিয়ে এসেছে? আমি বলি, আমার বরাদ চা বিস্কুট, ভাত, ডাল, পিয়াজ, লন্কা এবং রাতে দুটো রুটি ও ডাল। এই কথা বলতেই আমার স্বামী প্রভাকর আমাকে

পরবর্তী পৃষ্ঠা নং-৩

চুলের মুঠি ধরে মাটিতে ফেলে এবং আমার শাশুড়ী রিতা ঠাকুর, ননদাই সঞ্জীব খান্ডেওয়াল ও স্বামী প্রভাকর মাটিতে ফেলে ক্রমাগত চুলের মুঠি ধরে বুকে, পেটে ও পিঠে লাথি মারতে থাকে এবং ওরা বলে এখনি বাপের বাড়িতে চলে যা, নচেৎ আজকেই তোকে শেষ করে দেব। আমি চিৎকার করতে থাকি এবং কোনক্রমে বাবা মাকে ফোন করি। বাবা মা তখন সুব্রত সংঘের কাছে ছিল, আমার ফোন পেয়ে তাড়াতাড়ি চলে আসে। বাবা মায়ের সামনেই আমার স্বামী আমাকে ঘাড় ধরে বাইরে বের করে দেয় এবং বলে তোর সাথে সংসার করবো না, তুই বাবা মায়ের সাথে চলে যা এখনই এমতাবস্থায় আমার বাবা মা আমাকে শ্বশুড় বাড়ী থেকে নিয়ে আসতে বাধ্য হয়।

উপরোক্ত ঘটনাবলী উল্লেখ পূর্বক আমার বিনীত প্রার্থনা - ঘটনার যথাবিহিত তদন্তপূর্বক (স্থানীয় কিছু নাগরিক, সুব্রত সংঘের কিছু সদস্য এবং ৩০ নং ওয়ার্ড কাউন্সিলার বিষয়টি অবগত) উক্ত প্রভাকর ঠাকুর ওরফে রাজা, শাশুড়ী রিতা ঠাকুর, ননদ পূজা খান্ডেওয়াল ও ননদাই সঞ্জীব খান্ডেওয়াল (এরা প্রত্যেকেই ঘটনার সঙ্গে প্রত্যক্ষভাবেযুক্ত) আইন মোতাবেক বধূ নির্যাতন, যৌতুক গ্রহন ও পুনরায় যৌতুক দাবী ইত্যাদির কারনে উপযুক্ত ধারায় মামলা দায়েরের প্রার্থনা জানাই। আমার উপর চরম মানসিক ও শারীরিক নির্যাতন এবং পন দিতে বাধ্য করার কারনে যথোপযুক্ত শাস্তির ব্যবস্থা করিতে ততসহ যৌতুক হিসাবে দেওয়া সকল জিনিস ফেরতের প্রার্থনা জানাই।

নিবেদাতে

[signature]

রিয়া ঠাকুর (বোস)

মোবাইল নং ৮৯৭২০৯৪০১১

<u>অভিযুক্ত ব্যক্তিদের মোবাইল নম্বর</u>

১) প্রভাকর ঠাকুর ওরফে রাজা-৭৯০৮১০০৪৫৭

২) রিতা ঠাকুর - ৯৮৩২৩৮০৭২৮

৩) সঞ্জীব খান্ডেওয়াল ৯৫৬৪৭১২২০০

৪) পূজা খান্ডেওয়াল - জানা নেই

<u>সংযোজিত জেরক্স কপি:</u>

১) ৩০ নং ওয়ার্ড কাউন্সিলারকে দেওয়া ১৫-১১-২০২৪ এর আবেদন।

২) পাটিপত্র N.J. Stamp No. 79AB793942

৩) নিউ শচীন্দ্র চন্দ্র জুয়েলার্স এর ২০-০৮-২০২৩ এবং ০৯-০৬-২০২৩ ২টি ক্যাশ মেমো

৪) অম্বিকা ফার্নিচার এর ০২-০৬-২০২৩ ও ২০-১১-২০২৩ দুটি ক্যাশ মেমো

* [illegible] কারণে [illegible] দাখিলে বিলম্ব হইল,